

## যেসকল শিক্ষার্থীরা বাড়তি ভাষা কিংবা উপভাষা হিসেবে ইংরেজি শিখছে তাদের জন্য লিখিত রিপোর্ট।

### পিতামাতা এবং পরিচর্যাকারীদের জন্য তথ্য

সুপ্রিয় পিতামাতা এবং পরিচর্যাকারী

আপনি প্রতি বছর আপনার বাচ্চার স্কুল থেকে দুটি লিখিত রিপোর্ট পান। এই রিপোর্টগুলো আপনাকে আপনার বাচ্চার অগ্রগতি সম্পর্কে এবং স্কুল কিভাবে আপনার বাচ্চার শিক্ষার ক্ষেত্রে সহযোগিতা করছে তা বুঝতে সাহায্য করবে। এই রিপোর্ট সবগুলো বিষয়ে আপনার বাচ্চার অগ্রগতি দেখাবে।

### বাড়তি ভাষা কিংবা উপভাষা হিসেবে ইংরেজির (English as an additional language or dialect (EAL/D)) সকল শিক্ষার্থীদের জন্য রিপোর্ট।

আপনার বাচ্চা যদি বাড়তি ভাষা কিংবা উপভাষা হিসেবে ইংরেজি শেখে, তাহলে এই রিপোর্ট ইংরেজি ভাষা শেখায় আপনার বাচ্চার অগ্রগতি এবং ইংরেজি ভাষায় তার দক্ষতা বর্তমানে কোন পর্যায়ে আছে তা দেখাবে। এই ধাপগুলো হল প্রারম্ভিক, উদীয়মান, উন্নয়নশীল কিংবা একীভূত। এই ধাপগুলোর বিস্তারিত জানার জন্য দয়া করে অপর পৃষ্ঠায় দেখুন।

### EAL/D কর্মসূচিতে শিক্ষার্থীদের জন্য রিপোর্ট

আপনার বাচ্চা যদি EAL/D কর্মসূচিতে থেকে থাকে তাহলে সে EAL/D শিক্ষকের কাছ থেকে একটি আলাদা লিখিত রিপোর্ট পাবে যেখানে ইংরেজি ভাষা শেখার ক্ষেত্রে তার অগ্রগতি সম্পর্কে তথ্য থাকবে।

### নবাগত EAL/D শিক্ষার্থীদের জন্য রিপোর্ট

আপনার বাচ্চা যদি EAL/D কর্মসূচিতে থেকে থাকে এবং চার টার্ম কিংবা তার কম সময় ধরে অস্ট্রেলিয়ার কোনো স্কুলে পড়াশুনা করে থাকে, তাহলে আপনার বাচ্চার রিপোর্টে গ্রেড এর পরিবর্তে মন্তব্য হিসেবে ইংরেজি শেখায় তার অগ্রগতি সম্পর্কিত তথ্যের পাশাপাশি অন্যান্য যেসকল বিষয় সে পড়ছে সেগুলো সম্পর্কে তথ্য থাকবে।

### ইনটেনসিভ ইংলিশ সেন্টার কিংবা ইনটেনসিভ ইংলিশ হাই স্কুলে নবাগত EAL/D শিক্ষার্থীদের জন্য রিপোর্ট।

আপনার বাচ্চা যদি কোনো ইনটেনসিভ ইংলিশ সেন্টার কিংবা ইনটেনসিভ ইংলিশ হাই স্কুলে ভর্তি হয়ে থাকে, তাহলে আপনি ইংরেজি ভাষা শেখায় তার অগ্রগতি সম্পর্কে একটি লিখিত রিপোর্ট পাবেন। পাশাপাশি রিপোর্টটিতে হাই স্কুলের প্রস্তুতি হিসেবে পঠিত অন্যান্য সকল বিষয়ে তার অগ্রগতি দেখানো হবে।

## ইংরেজি ভাষায় দক্ষতার ধাপ

<b>প্রারম্ভিক</b>	প্রারম্ভিক ধাপের শিক্ষার্থীরা ইংরেজি শেখা শুরু করেছে। তারা ইংরেজি ছাড়া এক বা একাধিক ভাষায় কথা বলতে পারে এবং তাদের মাতৃভাষায় বয়স অনুযায়ী লিখিত স্বাক্ষরতা থাকতে পারে। এই শিক্ষার্থীরা পাঠ্যক্রমের সাধারণ ভাষা সম্পর্কিত কাজগুলো চর্চা করা শুরু করেছে।
<b>উদীয়মান</b>	উদীয়মান ধাপের শিক্ষার্থীদের ইংরেজি ভাষায় ক্রমবর্ধমান জ্ঞান রয়েছে। এই ধাপের শিক্ষার্থীরা প্রাথমিক ইংরেজি ছাড়াও এক বা একাধিক ভাষায় কথা বলতে পারে, এবং লেখ্য ইংরেজিতে তাদের ক্রমবর্ধমান জ্ঞান রয়েছে। এই শিক্ষার্থীরা শ্রেণী কার্যক্রমে অংশ নিতে সক্ষম এবং এরা শিক্ষায় যুক্ত হতে পারে যখন শ্রেণী কার্যক্রম সম্পূর্ণ করার জন্য তাদেরকে যথাযথ ভাষা শিক্ষা এবং বাড়তি সময় দেওয়া হয়।
<b>ক্রমবিকাশমান</b>	ক্রমবিকাশমান পর্যায়ের শিক্ষার্থীরা ব্যবহারিক ইংরেজি সহ এক বা একাধিক ভাষায় কথা বলতে পারে, এবং তাদের লেখ্য ইংরেজিতে ক্রমবিকাশমান জ্ঞান রয়েছে। এই শিক্ষার্থীরা ক্লাসরুম এবং স্কুল রুটিনে সক্রিয়ভাবে অংশ নেয়, এবং ক্রমবর্ধমান সফলতার সাথে শেখার ক্রিয়াকলাপে যুক্ত হতে সক্ষম। ইংরেজি ব্যাকরণে দখল এবং তাদের শব্দভাণ্ডার গড়ে তোলার সময় তাদের মাতৃভাষা অব্যাহতভাবে মূল্যবান সহায়তা যোগায়।
<b>একীভূতকরণ</b>	একীভূতকরণ ধাপে শিক্ষার্থীরা ইংরেজি সহ এক বা একাধিক ভাষায় কথা বলতে পারে এবং লেখ্য ইংরেজিতে তাদের গভীর জ্ঞান রয়েছে। এই শিক্ষার্থীরা ক্লাসরুমে এবং স্কুল রুটিনে স্বাধীনভাবে অংশ নেয় এবং সাধারণ সফলতার সাথে শেখার ক্রিয়াকলাপে যুক্ত হওয়ার জন্য ইংরেজির ব্যবহারে তাদের বর্ধিত সক্ষমতা রয়েছে। নির্দিষ্ট কিছু উদ্দেশ্যে তারা কথ্য ও লেখ্য পাঠ বুঝতে এবং তৈরি করতে পারে তবে এরপরও তাদের EAL/D শিক্ষার্থীদের জন্য সহায়তা প্রদানকারী নির্দিষ্ট ভাষা শিক্ষা এবং কৌশলের দরকার রয়েছে, কারণ বিভিন্ন বিষয়ে একাডেমিক ভাষা বৃদ্ধি পায়।

## টেলিফোন দোভাষী পরিষেবা

আপনার যদি আরও তথ্যের দরকার হয় তাহলে অনুগ্রহ করে স্কুলের সাথে যোগাযোগ করুন। স্কুলের সাথে যোগাযোগ করার জন্য যদি আপনার দোভাষীর দরকার হয় তাহলে অনুগ্রহ করে 131 450 নম্বরে টেলিফোন ইন্টারপ্রিটিং সার্ভিস (TIS) কে ফোন করে আপনার ভাষায় একজন দোভাষীর ব্যবস্থা করে দিতে বলুন। দোভাষী স্কুলকে ফোন করবে এবং আপনাদের কথোপকথনে সহায়তার জন্য লাইনে থাকবে। এই পরিষেবার জন্য আপনাকে কোনো ফি দিতে হবে না।